



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.৭০

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: '১৩৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)'- এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২২/০৫/২০২২ হতে ২০/০৭/২০২২ তারিখ পর্যন্ত ৬০ দিন মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের উপ-সচিব এবং সমপর্যায়ের ৫ম গ্রেডভুক্ত বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের জন্য 'উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)' পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন পত্র) পূরণ পূর্বক আগামী ১৩/০৪/২০২২ তারিখ (বুধবার) বিকাল ৫.০০ টার মধ্যে (সফট কপি-it1@mopa.gov.bd-এই মেইলে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

শর্তাবলী:

- স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক পরিচালিত হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- আবেদনপত্র ছকের (আবেদন পত্র)নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন প্রদান করা হবে; এবং
- নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

৩১-৩-২০২২

মোহাম্মদ খালেকুজ্জামান

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো)
- ২) রেজিস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) অফিস কপি

জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের উপসচিব ও সমপর্যায় ও সমগ্রেডভুক্ত কর্মকর্তাগণের জন্য

১৩৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

১.	কর্মকর্তার নাম:	
	বাংলায়	:
	ইংরেজিতে (বড় অক্ষরে)	:
২.	পরিচিতি নম্বর (আইডি)	:
৩.	বিসিএস ক্যাডার ও ব্যাচ:	ক্যাডরের নাম: ব্যাচ:
৪.	বেতন গ্রেড:	
৫.	পদবি ও কর্মস্থল	:
৬.	জন্ম তারিখ	:
৭.	কোর্স শুরুর তারিখে (২২/০৫/২০২২ তারিখ) বয়স	:
৮.	মোবাইল ও টেলিফোন নম্বর	:
৯.	ই-মেইল	:

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে

মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল